'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 3rd Semester Examination, 2024

## UBNGMAJ23003-BENGALI

## ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান

Time Allotted: 2 Hours 30 Minutes    Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *ছয়টি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৬ =১২

(ক) প্রাচীন বাংলা ভাষার সময়কাল কত ?

(খ) দ্বি-স্বরের দু'টি উদাহরণ দাও।

(গ) বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী ?

(ঘ) সমীভবন ও স্বরভক্তি অন্য কোন নামে পরিচিত ?

(ঙ) পদ কত প্রকার ও কী কী ?

(চ) মুণ্ডমাল শব্দের দু'টি উদাহরণ দাও।

(ছ) রূপমূল কাকে বলে ? উদাহরণ দাও।

(জ) কামরূপী উপভাষা অঞ্চলটি নির্দেশ করো এবং এই উপভাষাটি অন্য কী নামে পরিচিত ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ =১২

(ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা কী ? উদাহরণসহ আলোচনা করো।

(খ) মধ্য বাংলা ভাষার সময়সীমা উল্লেখ করে এই স্তরের কয়েকটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

(গ) ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ জোড়কলম শব্দ।

(ঘ) বাক্স > বাস্‌ক — এখানে ধ্বনি পরিবর্তনের কোন নিয়ম কার্যকরী হয়েছে ?

(ঙ) নাসিক্য ব্যঞ্জনধ্বনি কাকে বলে ? উদাহরণ দাও।

(চ) 'অভিশ্রুতি'র উদাহরণসহ সংজ্ঞা দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×২ =১২

(ক) 'বঙ্গালী' উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

(খ) ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ (যে-কোনো *দু'টি*)

স্বরসংগতি, সাদৃশ্য, লোকনিরুক্তি।

Maynaguri College Library

(গ) প্রাচীন বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শন উল্লেখ করে এই স্তরের ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঘ) I. P. A-তে পরিবর্তন করোঃ

ব্যস্ত হয়ো না। কাউকে অনুকরণ করতে যেও না। অপরের অনুকরণ সভ্যতা বা উন্নতির লক্ষণ নয়। সিংহ চর্মাবৃত গর্দভ কখনই সিংহ হয় না। হীন কাপুরুষের মতো অনুকরণ অধঃপতনের চিহ্ন। মানুষ যখন নিজেকে ঘৃণা করতে আরম্ভ করে তখন বুঝতে হবে তার মরণ দশা ধরেছে।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে কীভাবে বাংলা ভাষার উদ্ভব হয়েছে তা আলোচনা করো।

(খ) ধ্বনি পরিবর্তনের মূল সূত্রগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) ব্যঞ্জনধ্বনি কাকে বলে ? উচ্চারণের স্থান ও প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ করো।

(ঘ) বিশেষ্য পদ কাকে বলে ? বিশেষ্য পদের শ্রেণিবিভাগ উদাহরণসহ বুঝিয়ে দাও।

——×——

Maynaguri College Library